জনতা ব্যাংক লিমিটেড
ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়
ঢাকা।

২৬ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৪৫৩/১৮ তারিখ ঃ----------------------------

১২ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি/সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/সকল বিভাগীয় কার্যালয়/সকল স্টাফ কলেজ
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ সরকার শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করণার্থে তাদের মাসিক পেনশন পুনঃস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ অধিশাখা হতে জারীকৃত প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮ তারিখ-০৮-১০-২০১৮ ইং নিম্নে হুবহু উল্লেখ করা হ'ল :
উদ্ধৃত

" সরকার শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করণার্থে তাদের মাসিক পেনশন পুনঃস্হাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে যা নিম্নরূপ বিধানাবলী সাপেক্ষে কার্যকর হবেঃ

(ক) শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের অবসর গ্রহণের তারিখ হতে ১৫ বছর সময় অতিক্রান্তের পর তাদের পেনশন পুনঃস্হাপন করা হবে। কর্মচারীর এলপিআর/পিআরএল যে তারিখে শেষ হয়েছে তার পর দিন হতে উক্ত ১৫ বছর সময় গণনা করা হবে। আর যিনি এলপিআর/পিআরএল ভোগ করেননি তার ক্ষেত্রে অবসর গ্রহণের তারিখ হতে উক্ত ১৫ বছর সময় গণনাযোগ্য হবে;

(খ) যে পদ্ধতি ও নিয়মে নিয়মিত পেনশনারগণের মাসিক পেনশন নির্ধারিত হয় অনুরূপ পদ্ধতি ও নিয়মে শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মাসিক পেনশন নির্ধারিত হবে;

উদাহরণঃ ধরা যাক সংশ্লিষ্ট কর্মচারীর এলপিআর শেষ হয়েছে ২০০২ সালের ৩০শে জুন। তাঁর অবসরের পর হতে ১৫ বছর সময় অতিক্রান্ত হয়েছে ২০১৭ সালের ১লা জুলাই। উক্ত কর্মচারী যদি ১নং গ্রেডভুক্ত হন তাহলে জাতীয় বেতনস্কেল, ১৯৯৭ অনুযায়ী তাঁর বেতন ১৫,০০০ টাকা (নির্ধারিত) হওয়ায় তাঁর মাসিক নীট পেনশনের পরিমাণ হবে (১৫,০০০×৮০%) ÷ ২=৬,০০০ টাকা। জাতীয় বেতনস্কেল,২০০৫ অনুযায়ী মাসিক ১০০১ টাকা হতে তদুর্দ্ধ পরিমাণ নীট পেনশন গ্রহণকারীর মাসিক পেনশন ২৫% হারে বৃদ্ধি হওয়ায় তাঁর মাসিক নীট পেনশন হবে ৬,০০০+ (৬০০০×২৫%) =৭,৫০০টাকা। আবার জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী ৬৫ বছর উর্ধ্ব বয়সের পেনশনভোগীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি হওয়ায় তাঁর মাসিক নীট পেনশন হবে ৭,৫০০+(৭,৫০০×৫০%) =১১,২৫০ টাকা। জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী ৬৫ বছর উর্ধ্ব বয়সের অবসরভোগীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি হওয়ায় ০১-০৭-২০১৭ তারিখে তাঁর মাসিক নীট পেনশন হবে ১১,২৫০+(১১,২৫০×৫০%) =১৬,৮৭৫ টাকা। সুতরাং ২০০২ সালে ৩০শে জুন বা তার পূর্বে এলপিআর শেষ হয়েছে ১নং গ্রেডের এমন শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে মাসিক নীট পেনশন হবে ১৬,৮৭৫ টাকা।

(গ) নিয়মিত পেনশনারগণের ন্যায় শতভাগ পেনশন সমর্পণকারী অবসরভোগীগণেরও ন্যূনতম মাসিক পেনশন হবে ৩,০০০ (তিন হাজার) টাকা।

(ঘ) শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে বা তার পরবর্তী সময়ে (প্রযোজ্য ক্ষেত্রে) যে পেনশন নির্ধারিত হবে তার উপর প্রতি বছর ১ জুলাই তারিখে ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদেয় হবে।
উদাহরণঃ উপরের উদাহরণের ১ নং গ্রেডের কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে মাসিক নীট পেনশনের পরিমাণ ১৬,৮৭৫ টাকা। প্রতি বছর ১ জুলাই তারিখ ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদেয় হওয়ায় ০১-০৭-২০১৮ ইং তারিখে তাঁর মাসিক নীট পেনশন হবে ১৬,৮৭৫+(১৬,৮৭৫×৫%)=১৭,৭১৮.৭৫ টাকা।

চলমান পাতা-০২

বিষয়ঃ সরকার শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করণার্থে তাদের মাসিক পেনশন পুনঃস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পর ঃ

২। পেনশন পুনঃস্থাপনের উক্ত সুবিধা ০১-০৭-২০১৭ তারিখ থেকে কার্যকর হবে। তবে ০১-০৭-২০১৭ তারিখের পূর্বের কোন আর্থিক সুবিধা প্রদেয় হবে না।" অনুদ্ধৃত।

গত ১৯-১১-২০১৮ তারিখে অনুষ্ঠিত অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের ৫৪৭ তম সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করণার্থে তাঁদের মাসিক পেনশন পুনঃস্থাপনের সিদ্ধান্ত সম্পর্কিত জারীকৃত উপরোক্ত প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১. ১৩. ০১৩.১৪-১১৮ তারিখ-০৮-১০-২০১৮ অত্র ব্যাংকে কার্যকর করার নিমিত্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

" মেমোর বিষয়বস্তু পর্যালোচনা করে এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সুপারিশ বিবেচনায় এনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করণার্থে তাঁদের মাসিক পেনশন পুনঃস্থাপনের সিদ্ধান্ত সম্পর্কিত জারীকৃত উপরোক্ত প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১. ১৩. ০১৩.১৪-১১৮ তারিখ-০৮-১০-২০১৮ অত্র ব্যাংকে কার্যকর করার অনুমোদন প্রদান করা হ'ল ।"

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১. ১৩. ০১৩.১৪-১১৮ তারিখ-০৮-১০-২০১৮ এবং অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত উপর্যুক্ত সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট শাখা কর্তৃক নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ পূর্বক মাসিক পেনশন পুনঃস্থাপন ও পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো ঃ

ক) ১০০% পেনশন সমর্পণকারীগণের অনুকূলে ইতোপূর্বে ইস্যুকৃত চিকিৎসা ভাতা বহি **১০০% পেনশন পরিশোধ বহি** হিসাবে গণ্য করতে হবে।

খ) শুধুমাত্র ১০০% পেনশন সমর্পণকারী মেডিক্যাল হোল্ডারগণ আলোচ্য সুবিধা প্রাপ্য হবেন।

গ) ১০০% পেনশন সমর্পণকারীর মৃত্যুর পর পারিবারিক মেডিক্যাল হোল্ডারগণ আলোচ্য সুবিধা প্রাপ্য হবেন না।

ঘ) ১০০% পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীর এলপিআর/পিআরএল শেষ হওয়ার তারিখের পর দিন হতে উক্ত ১৫ বছর সময় গণনা করতে হবে।

ঙ) ১০০% পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত নির্বাহী/কর্মকর্তা/কর্মচারী যিনি এলপিআর/পিআরএল ভোগ করেননি তার ক্ষেত্রে অবসর গ্রহণের তারিখ হতে উক্ত ১৫ বছর সময় গণনা করতে হবে।

চ) উপরোক্ত প্রজ্ঞাপনের (খ) ও (ঘ) অনুচ্ছেদে উল্লেখিত ২(দুই)টি উদাহরণ অনুসরণ করে মাসিক পেনশন পুনঃস্থাপন করতে হবে।

ছ) পুনঃস্থাপনকৃত পেনশনারগণের পেনশন পুনঃস্থাপনের পর তার বিবরণী সংযুক্ত ছক মোতাবেক ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট এর webmail:welfare@janatabank-bd.com এর মাধ্যমে এক্সেল ফরমেটে সফট কপি এবং ডাকযোগে হার্ড কপি প্রেরণ করতে হবে ।

জ) চিকিৎসা ভাতা বহির উপর নিম্নোক্ত নমুনা অনুযায়ী সীল প্রস্তুতপূর্বক যৌথভাবে পূর্ণ সীল মোহরসহ স্বাক্ষর করতঃ যথাযথভাবে পরিশোধ করতে হবে ঃ

**১০০% পেনশন পরিশোধ বহি**

পেনশনারের নাম ও পদবী-----------------------------------------------------

এলপিআর/পিআরএল শেষ হওয়ার তারিখ---------------------------------------

এলপিআর/পিআরএল ব্যতিরেকে সরাসরি অবসর গ্রহণের তারিখ-----------------

১৫ (পনের) বৎসর অতিক্রান্ত হওয়ার তারিখ-----------------------------------

মাসিক পেনশন পুনঃস্থাপনের তারিখ-------------------------------------------

মাসিক পেনশনের পরিমাণ (নীট পেনশন---------------চিঃভাতা--------------)

অফিসার ব্যবস্থাপক

আপনার বিশ্বস্ত,

এম এইচ এম জাহাঙ্গীর
উপ-মহাব্যবস্থাপক

শহীদুল ইসলাম
মহাব্যবস্থাপক

**Janata Bank Limited**

… … … … … … ... Branch

… … … … … … … … …

Statement of reestablished Monthly Pension

| SL. | Name of Pensioner | Designation | Last date of LPR/PRL | Date of direct Retirement without LPR/PRL | Completion date of 15 years after Retirement / LPR/PRL | Date of reestablished pension | Amount of monthly pension | | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | Net Pension (tk) | Medical Allowance (tk) | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

জনতা ব্যাংক লিঃ
হেড অফিস
ঢাকা